

■■ কিয়ামতের আলামত

বিভাগ/অধ্যায়ঃ কিয়ামতের বড় আলামত রচয়িতা/সঙ্কলকঃ আন্দুল্লাহ্ শাহেদ আল-মাদানী

৫. তিনটি বড় ধরণের ভূমিধসঃ

ভূমিধস অর্থ হচ্ছে যমিনের কোন অংশ নিচে চলে গিয়ে বিলীন হয়ে যাওয়া। যেমন আল্লাহ তাআলা বলেনঃ)فَخَسَفْنَا بِهِ وَبِدَارِهِ الْأَرْضَ)

"অতঃপর আমি কার্ননকে ও তার প্রাসাদকে ভূগর্ভে প্রোথিত করলাম"। (সূরা কাসাসঃ ৮১) কিয়ামতের পূর্বে তিনটি স্থানে বিশাল আকারের ভূমিধস হবে। এগুলো হবে কিয়ামতের বড় আলামতের অন্তর্ভূক্ত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

لَنْ تَقُومَ حَتَّى تَرَوْنَ قَبْلَهَا عَشْرَ آيَاتٍ فَذَكَرَمِنْهَا وَثَلَاثَةَ خُسُوفٍ: خَسْفٌ بِالْمَشْرِقِ وَخَسْفٌ بِالْمَفْرِبِ وَخَسْفٌ بِالْمَفْرِ فَيْ وَالْمَسْفُ بِالْمَفْرِ فَيْ وَالْمَقْرِبِ وَخَسْفُ بَالْمَقْرِبِ وَخَسْفُ بَالْمَقْرِبِ وَخَسْفٌ بِالْمَقْرِبِ وَخَسْفُ بَاللَّهُ فَيْ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ عَلَيْهِ الْمَقْرِبِ وَخَسْفُ بِالْمَعْرِبِ وَخَسْفُ بِالْمَقْرِبِ وَخَسْفُ بِالْمَقْرِقِ وَخَسْفُ بِاللَّهُ اللَّهِ اللَّهِ

"দশটি আলামত প্রকাশ হওয়ার পূর্বে কিয়ামত সংঘটিত হবেনা। তার মধ্যে থেকে তিনটি ভূমি ধসের কথা উল্লেখ করলেন। একটি হবে পূর্বাঞ্চলে, একটি হবে পশ্চিমাঞ্চলে এবং আরেকটি হবে আরব উপদ্বীপে"।[1] উম্মে সালামা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছিঃ

سَيَكُوْنُ بَعْدِىْ خَسْفٌ بِالْمَشْرِقِ وَ خَسْفٌ بِالْمَغْرِبِ وَ خَسْفٌ بِجَزِيْرَةِ الْعَرَبِ قُلْتُ: يَا رَسُولُ اللَّهُ! أَيُخْسَفُ بالْاَرْضُ وَ فِيْهَا الصَالِحِيْنَ؟ قَالَ لَها رَسُوْلُ اللَّهُ صلى الله عليه و سلم أَكْثَرَ أَهْلُهَا الخَبَث

"আমি চলে যাওয়ার পর অচিরেই তিনটি স্থানে ভূমিধস হবে। একটি হবে পূর্বাঞ্চলে, একটি হবে পশ্চিমাঞ্চলে এবং আরেকটি হবে আরব উপদ্বীপে। আমি বললামঃ হে আল্লাহর রাসূল! সৎ লোক বর্তমান থাকতেই কি উহাতে ভূমিধস হবে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ হাাঁ, যখন পাপকাজ বেশী হবে"।[2]

এই ভূমিধসগুলো কি হয়ে গেছে?

কিয়ামতের অন্যান্য বড় আলামতের মতই এই ভূমিধসগুলো এখনও সংঘটিত হয়নি। এক শ্রেণীর আলেম মনে করেন ভূমিধসন তিনটি হয়ে গেছে। কিন্তু বিশুদ্ধ মতে এই আলামতগুলোর কোন একটিও এখনও প্রকাশিত হয়নি। এখানে সেখানে প্রায়ই আমরা যে সমস্ত ভূমিধসের সংবাদ পেয়ে থাকি সেগুলো কিয়ামতের ছোট আলামতের অন্তর্ভূক্ত। আর যে সমস্ত ভূমিধসন কিয়ামত নিকটবর্তী হওয়ার আলামত হিসেবে প্রকাশিত হবে তা হবে অত্যন্ত বড় আকারে। পূর্ব, পশ্চিম এবং আরব উপদ্বীপের বিশাল এলাকা জুড়ে তা প্রকাশ হবে।

মোটকথা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে তিনটি ভূমিধসের খবর দিয়েছেন তা আখেরী যামানায় অবশ্যই সংঘটিত হবে। প্রতিটি মুসলিমের উপর তাতে বিশ্বাস করা ওয়াজিব।

ফুটনোট



- [1] মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।
- [2] ইমাম হায়ছামী বলেনঃ তাবারানী তাঁর আওসাতে হাদীছটি বর্ণনা করেছেন।।
- Source https://www.hadithbd.com/books/link/?id=3114

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন